



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজ্ঞপ্তি নং: বিজিএ/কাস/২০২২/১১৫

১৪ জুন, ২০২২

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ তৈরী পোশাক প্রস্তুতকারী বন্ডেড প্রতিষ্ঠানের মধ্যে সাব-কন্ট্রাক্টের ভিত্তিতে পণ্য সরবরাহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র পরিচালনা পর্ষদের ঐকান্তিক প্রচেষ্টা ও অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে তৈরী পোশাক প্রস্তুতকারী বন্ডেড প্রতিষ্ঠানসমূহের মধ্যে সাব-কন্ট্রাক্টের ভিত্তিতে সম্পাদিত কার্যসমূহের বিপরীতে কতিপয় শর্ত সাপেক্ষে স্থানীয় উৎপাদন পর্যায়ে সাব-কন্ট্রাক্ট গ্রহণকারীর উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে এবিষয়ে জারীকৃত জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ০৮/মূসক/২০২২/, তারিখঃ ০১ জুন, ২০২২ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

C:\Users\BGMEA\Desktop\sub-contract & vat.doc

BGMEA Regional Office : BGMEA Bhaban (Lebel-4&5) 669/E, Jhautala Road (Near CNG Station), South Khulshi, Chittagong.
Tel: +880-31-2867401-10 (PABX), Fax: +880-31-2867412, E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং- ০৮/মুসক/২০২২, তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ তৈরী পোষাক প্রস্তুতকারী বন্ডেড প্রতিষ্ঠানের মধ্যে সাব-কন্ট্রাক্টের ভিত্তিতে পণ্য সরবরাহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

যেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৩ অনুযায়ী রপ্তানির নিমিত্তে পণ্য সরবরাহ শূন্য হার বিশিষ্ট; এবং

যেহেতু, তৈরী পোষাক প্রস্তুতকারী বন্ডেড প্রতিষ্ঠানসমূহ রপ্তানির নিমিত্তে পণ্য উৎপাদন করিয়া থাকে এবং উক্ত পণ্য উৎপাদনের বিভিন্ন পর্যায়ে উক্ত বন্ডেড প্রতিষ্ঠানসমূহ উহাদের মধ্যে সাব-কন্ট্রাক্টের ভিত্তিতে কার্য সম্পাদন করিয়া থাকে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, তৈরী পোষাক প্রস্তুতকারী বন্ডেড প্রতিষ্ঠানসমূহের মধ্যে সাব-কন্ট্রাক্টের ভিত্তিতে সম্পাদিত কার্যসমূহের বিপরীতে নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে স্থানীয় উৎপাদন পর্যায়ে সাব-কন্ট্রাক্ট গ্রহণকারীর উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলি:

- (ক) সাব-কন্ট্রাক্ট গ্রহণকারী ও প্রদানকারী উভয়েরই বন্ডেড সুবিধা থাকিতে হইবে;
- (খ) সাব-কন্ট্রাক্ট প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেটের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে; এবং
- (গ) সাব-কন্ট্রাক্ট প্রদানকারী ও সাব-কন্ট্রাক্ট গ্রহণকারী কর্তৃক সাব-কন্ট্রাক্টের মাধ্যমে সম্পাদিত কার্যসমূহের তালিকা প্রতি কর মেয়াদান্তে রিটার্নে প্রদর্শনসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে; এতদ্ব্যতীত, উক্ত তালিকা সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেটে দাখিল করিতে হইবে।

এই আদেশ ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী ফরিদ উদ্দীন)

প্রথম সচিব (মুসক নীতি)